

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/১৭(ক-৩)/২০১০/৬০৫৬/৫

তারিখ : ১১/১১/২০১৯ খ্রি.

বিষয় : সৈয়দপুর সরকারি কলেজে অধ্যক্ষের দায়িত্ব পালন।

সূত্র : স্মারক নং ০৫.৪৭.৭৩০০.০২০.০৪.০৬০.২০১৯.৬৩১ তারিখ : ৩০.১০.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সদ্য জাতীয়করণকৃত সৈয়দপুর সরকারি কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: শাখাওয়াত হোসেন পদত্যাগ করেন। প্রতিষ্ঠানটিতে অধ্যক্ষের পদ শূন্য থাকায় অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক জেলা প্রশাসক, নীলফামারী পত্র প্রেরণ করেন।

মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা: ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ : ০৯/০৭/২০১২ মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক দায়িত্ব পালন করবেন।

নীলফামারী জেলার সৈয়দপুর সরকারি কলেজ এর অধ্যক্ষের পদ শূন্য থাকায় উপাধ্যক্ষ জনাব নার্জিজ বানু ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা : সৈয়দপুর
জেলা : নীলফামারী

স্বাক্ষরিত ১৪/১১/১৯
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

বিতরণ :

- (১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- (২) জেলা প্রশাসক, নীলফামারী;
- (৩) উপপরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (৪) জনাব নার্জিজ বানু, উপাধ্যক্ষ, সৈয়দপুর সরকারি কলেজ, সৈয়দপুর, নীলফামারী;
- (৫) সংরক্ষণ নথি।